

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৫(আগরতলা, ১৬।০৪)
আমবাসা, ১৬ এপ্রিল, ২০ ১৮

আমবাসা মহকুমা ভিত্তিক আশ্বেদকর জন্মজয়ন্তী উদযাপিত

আমবাসা মহকুমা প্রশাসন এবং আমবাসা পুর পরিষদের যৌথ উদ্যোগে গত ১৪ এপ্রিল সকালে আমবাসা পুর পরিষদের কার্যালয় প্রাঙ্গণে সারা রাজ্যের সাথে ডঃ বি আর আশ্বেদকরের ১২৮ তম জন্মজয়ন্তী যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়।

অনুষ্ঠানে ডঃ বি আর আশ্বেদকরের প্রতিকৃতিতে মাল্যদান করেন বিধায়ক পরিমল দেববর্মা, আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক, আমবাসা পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শিপ্রা ভট্টাচার্য, আমবাসা মহকুমা শাসক জে ডি দোয়াতি, আমবাসা ব্লকের বি ডি ও ডাঃ বিশাল কুমার, আমবাসা পুর পরিষদের মুখ্য কার্যনিবাহী আধিকারিক শুভব্রত দে সহ বিশিষ্ট জনেরা। অনুষ্ঠানে ডঃ বি আর আশ্বেদকরের জীবনী, দেশের জন কল্যাণ মূলক কাজ সম্পর্কে আলোচনা করেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক, আমবাসা মহকুমা শাসক জে ডি দোয়াতি।
